

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.২৭.০০৮.২৩. ২৭০২

তারিখ: ২২ ডিসেম্বর, ২০২৩

আদেশ

যেহেতু, জনাব মোসাঃ ফরিদা আক্তার, সহকারী শিক্ষক, বামিশা সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪ এর (২)(খ) উপবিধি মোতাবেক ০১ টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত করে 'লঘুদণ্ড' প্রদান করা হয়। উক্ত ০১ (এক) টি স্থগিতকৃত বার্ষিক বর্ধিত বেতন পরবর্তীতে তিনি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না মর্মে লঘুদণ্ড প্রদান করা হয়।

যেহেতু, অভিযুক্ত সহকারী শিক্ষক জনাব মোসাঃ ফরিদা আক্তার, প্রদত্ত রায়ের বিরুদ্ধে আপিলকারী কর্তৃপক্ষের নিকট নির্ধারিত সময়ের মধ্যে আপিল আবেদন দাখিল করেন; এবং

যেহেতু, আপিলকারী সহকারী শিক্ষকের আপিল শুনানি ২৮-১১-২০২৩ তারিখে গ্রহণ করা হয়; এবং

যেহেতু, আপিলকারী সহকারী শিক্ষক এর আপিল আবেদন, শুনানীতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক বিষয় পর্যালোচনায় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় প্রদত্ত দণ্ড কিছুটা কঠোর।

সেহেতু, আপিলকারী জনাব মোসাঃ ফরিদা আক্তার, সহকারী শিক্ষক, বামিশা সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪ এর (২)(ক) উপবিধি মোতাবেক 'তিরস্কার (Censure)' দণ্ড প্রদান করা হলো এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কুমিল্লা এর ২৭-০৩-২০২৩ তারিখের ৩৮.০১.১৯০০.০০০.২৭.০১৯.২৩.৬৭৯ নং স্মারকটি বাতিল করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

ড. মোঃ শফিকুল ইসলাম

বিভাগীয় উপপরিচালক

ফোন: ০২৩৩৩৩৫৫২৫৩

E-mail: ddchitt@gmail.com

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.২৭.০০৮.২৩. ২৭০২/৫

তারিখ: ২২ ডিসেম্বর, ২০২৩

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক (প্রোড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (পলিসি ও অপারেশন)
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
৩. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
৪. উপজেলা শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা (বর্ণিত শিক্ষকের চাকুরি খতিয়ান বহিতে আপিল আদেশটি লিপিবদ্ধকরণের অনুরোধ করা হলো)।
৫. জনাব মোসাঃ ফরিদা আক্তার, সহকারী শিক্ষক, বামিশা সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
৬. সংরক্ষণ নথি।

ড. মোঃ শফিকুল ইসলাম
বিভাগীয় উপপরিচালক